

পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ


পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদের অধীন পুকুরসমূহ নীলাম

বিজ্ঞপ্তি (২য় নীলাম ডাক)

এতদ্বারা সর্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদের বন সংরক্ষণ ও ভূমি সংস্কার স্থায়ী সমিতির সিদ্ধান্তনুযায়ী পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদের পরিচালনাধীন সংলগ্ন তালিকায় বর্ণিত পুকুরগুলি উহাদের পাশ্বেবর্ণিত তারিখ ও সময়ে পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ অফিসে সচিব মহাশয় বা অন্যান্য আধিকারিক কর্তৃক বাৎ ১৪২০ সালের ১লা বৈশাখ থেকে ১৪২৪ সালের ৩০শে চৈত্র পর্যন্ত ইজারা বিলির প্রকাশ্য নীলাম করা হইবে। যাহারা উক্ত পুকুর ইজারা লইতে ইচ্ছুক তাহারা উক্ত দিনে উল্লিখিত সময়ে পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ অফিসে উপস্থিত হইয়া নিজ নিজ নামে ডাক দিবেন।

যে সমস্ত নিয়মে নীলাম ডাক হইবে, তাহা সংক্ষেপে নিম্নে বর্ণিত হইল -

১. পুকুরগুলি বাংলা ১৪২০ সালের ১লা বৈশাখ হইতে ১৪২৪ সালের ৩০শা চৈত্র পর্যন্ত ইজারা বন্দোবস্ত দেওয়া হইবে। পুকুরের জন্য যে সর্বোচ্চ ডাক হইবে তাহা সেই পুকুরের বাৎসরিক খাজনা হিসাবে ধার্য হইবে এবং ডাকের শেষে এককালীন পাঁচ বৎসরের টাকা জমা দিতে ডাককারী বাধ্য থাকবেন।
২. প্রয়োজনবোধে কোন পুকুর নীলাম ডাক হইতে বাদ দিতে পারা যাইবে বা কোনরূপ কারণ না দর্শাইয়া যেকোন ডাক গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষের থাকিবে।
৩. যে সকল ডাককারী পুকুর ডাক করিয়া পরে পুকুর লইতে অস্বীকার করিবেন বা পুরোটাকা জমা দিতে না পারিবেন, তাহাদের জামানত অগ্রিম টাকা বাজেয়াপ্ত করা হইবে এবং তাহারা তাহাদের ডাকের পরিমাণ টাকা ১ বৎসরের খাজনার টাকার দায়ী হইবেন। প্রতারণার জন্য দণ্ডবিধি আইনানুসারে দণ্ডনীয় হইবেন এবং পুনরায় নীলাম হইলে তাহাতে জিলা পরিষদের যে ক্ষতি হইবে তারজন্য তাহারা দায়ী হইবেন।
৪. যাহারা ইজারাদার নিযুক্ত হইবেন তাহারা পরিষদের নির্দিষ্ট চুক্তিনামা সম্পাদন করিয়া দিবেন। অন্যথায় পুকুরের দখলি পরোয়ানা দেওয়া যাইবেনা এবং যিনি পরোয়ানা না লইয়া পুকুর দখল করিবেন তিনি অনধিকার প্রবেশের জন্য দণ্ডনীয় হইবেন।
৫. পুকুরের নীলাম ডাক পরিষদের কর্তৃপক্ষের অনুমোদনের পর দখল দেওয়া হইবে। যদি কোন পুকুরের নীলাম ডাক কর্তৃপক্ষের অনুমোদন না পায় তাহা হইলে পুনরায় সেই নীলাম ডাক হইবে ও নীলাম ডাকের আইন মোতাবেক কার্যকর হইবে।
৬. পূর্বতন ইজারাদার এর টাকা বাকী থাকিলে ঐ পুকুরের ডাকের পূর্বদিনে বকেয়া টাকা পরিষদ অফিসে জমা না দিলে তিনি ডাকে অংশ গ্রহণ করতে পারবেন না।
৭. ডাকে সকল অংশগ্রহণকারীকে ডাকের পূর্বে তালিকায় উল্লিখিত জামানত জমা রাখিতে হইবে।
৮. যদি সর্বোচ্চ প্রথম ডাককারী সমূহ টাকা প্রদান করতে না পারেন তাহলে ২য় ও ৩য় ডাককারীকে সুযোগ দেওয়ার জন্য তাঁদের জামানতের টাকা রাখা হবে।


সচিব
পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ

পত্র নং -

৩৩(৭৬) ফেব

তারিখ - ০৭/০৬/২০২৬

প্রতিলিপি অবগতি ও বিহিতের জন্য প্রেরণ করা হল -

১. সভাপতি, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।

২. জেলা শাসক, পশ্চিম মেদিনীপুর।

৩. ক) অতিরিক্ত নির্বাহী আধিকারিক, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।

খ) জেলা বাস্তুকার, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।

গ) মহকুমা শাসক, মেদিনীপুর / খড়াপুর / ঘাটাল / ঝাড়গ্রাম।

ঘ) সহ বাস্তুকার, পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ মেদিনীপুর সদর / ঘাটাল / খড়াপুর / ঝাড়গ্রাম মহকুমা।

৪. কর্মাধ্যক্ষ, বন সংরক্ষন ও ভূমি সংস্কার স্থায়ী সমিতি, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।

৫. আর্থিক নিয়ামক ও মুখ্য গণন আধিকারিক, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।

৬. গাণনিক, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।

৭. ক্যাশিয়ার, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।

৮. সভাপতি / নির্বাহী আধিকারিক, _____ পঞ্চায়েত সমিতি মহাশয়গণের অবগতি ও বহুল প্রচারের নিমিত্ত তথা তাঁর নোটিশবোর্ডে দেওয়ার জন্য প্রেরিত হল এবং _____ কপি সংশ্লিষ্ট পঞ্চায়েত প্রধানদের অবগতি ও বহুল প্রচারের নিমিত্ত প্রেরণ করা হল।

৯. প্রধান _____ গ্রাম পঞ্চায়েত।

১০. প্রতিলিপি শ্রী _____ এর অবগতির জন্য প্রেরণ করা হল।

১১. জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক, পশ্চিম মেদিনীপুর।

১২. শ্রী সঞ্জীব চৌধুরী, DIA, পশ্চিম মেদিনীপুর। আপনাকে পুকুরের নীলামের নোটিশ জেলা পরিষদের ওয়েবসাইটে upload করা এবং ২৯টি পঞ্চায়েত সমিতিতে e-mail করার জন্য অনুরোধ জানাই।

সচিব ০৭/০৬/২৬
পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ

নীলামের স্থানঃ অফিস কক্ষ, সচিব, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।

সময়ঃ সকাল ১১টা

পুকুরের নাম	বাৎসরিক সরকারী নীলাম ডাকের পরিমাণ	ডাকের পূর্বে সিকিউরিটি জমার পরিমাণ	নীলাম ডাকের তারিখ	ব্রকের নাম	পুকুরের নাম	বাৎসরিক সরকারী নীলাম ডাকের পরিমাণ	ডাকের পূর্বে সিকিউরিটি জমার পরিমাণ	নীলাম ডাকের তারিখ	ব্রকের নাম
ক্ষীরপাই বাংলা	২০০০	৪০০	১৫.৩.১৩	চন্দ্রকোনা ১	নাংলোকাঁকুয়াদহ	৭১৫	২০০	১৫.৩.১৩	গোপী ১
দুরোধনচক	৩০০০	৬০০	১৫.৩.১৩	দাসপুর ১	মুড়াবনী	১৫০০	৩০০	১৫.৩.১৩	ঝাড়গ্রাম

সচিব ০৭/০৬/২৬
পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ